

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৫৯৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ (২০) আরাফার দিনের সিয়াম - আরাফায় অবস্থানকারীদের জন্য আরাফার সিয়াম না রাখা মুস্তাহাব, যাতে তারা শক্তিশালী অবস্থায় দুআয় মনোনিবেশ করতে পারেন

20 - فَصَلُّ فِي صَوْمِ يَوْمِ عَرَفَةَ - ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مُجَانِبَةَ الصَّوْمِ يَوْمَ عَرَفَةَ إِذَا كَانَ بِعَرَفَاتٍ لِيَكُونَ أَقْوَى عَلَى الدَّعَاءِ

আরবী

3595 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو كَامِلٍ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَلِيَّةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي نُجَيْحٍ عَنْ أَبِيهِ قَالَ: سَأَلَ ابْنُ عُمَرَ عَنْ صَوْمِ يَوْمِ عَرَفَةَ قَالَ: حَجَّجْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَصُمْهُ وَحَجَّجْتُ مَعَ أَبِي بَكْرٍ فَلَمْ يَصُمْهُ وَحَجَّجْتُ مَعَ عُمَرَ فَلَمْ يَصُمْهُ وَحَجَّجْتُ مَعَ عُثْمَانَ فَلَمْ يَصُمْهُ وَأَنَا لَا أَصُومُهُ وَلَا أَمُرُ بِهِ وَلَا أَنْهَى عَنْهُ.

الراوي : أَبُو نُجَيْحٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3473 | خلاصة حكم المحدث: صحيح لغيره دون قوله: ((فأنا لا أصومه)) | إلخ ، وقد ثبت نهيها عنه انظر التعليق المتقدم.

বাংলা

৩৫৯৫. আবু নুজাইহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুকে আরাফার সিয়াম সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হজ্জ করেছি। কিন্তু তিনি এই সিয়াম পালন করেননি। আমি আবু বকর রাদিয়াল্লাহু আনহু সাথে হজ্জ করেছি। কিন্তু তিনি এই সিয়াম পালন করেননি। আমি উমার রাদিয়াল্লাহু আনহু সাথে হজ্জ করেছি। কিন্তু তিনি এই সিয়াম পালন করেননি। আমি উসমান রাদিয়াল্লাহু আনহু সাথে হজ্জ করেছি। কিন্তু তিনি এই সিয়াম পালন করেননি। আর আমি এই সিয়াম রাখি না। কাউকে এটা রাখতে আদেশ করি না আবার নিষেধও করি না।”[1]

ফুটনোট

[1] দারেমী: ২/২৩; তিরমিযী: ৭৫১; বাগাবী: ১৭৯২; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৭৮২৯; হুমাইদী: ৬৮১; তাহাবী: ২/৭২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির “আর আমি এই সিয়াম রাখি না...” অংশ বাদে বাকী অংশ সহীহ বলেছেন। তাঁর থেকে এই সিয়াম রাখার ব্যাপারে নিষেধাজ্ঞা বর্ণিত হয়েছে। (আত তা'লীকাতুল হিসান: ৩৫৯৫)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92931>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন